চুয়াডাঙ্গায় পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন, বাঁধা দেওয়ায় শিক্ষকের দু’গালে চড় শিক্ষার্থীর

চুয়াডাঙ্গায় দশম শ্রেণীর শিক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষা চলাকালীন অসদুপায় অবলম্বন করছিল। সে কাজে বাঁধা দেওয়ায় ওই শ্রেণী কক্ষে দায়িত্বরত বাংলা বিভাগের সহকারী শিক্ষক হাফিজুর রহমানের দু’গালে চড় মেরে পালিয় যায় ওই শিব্ষার্থী। অভিযুক্ত শীর্ষ দৈনিক মাথাভাঙ্গার প্রকাশক ও সম্পাদকের ছেলে।

এ ঘটনার তীব্র নিদা জানিয়ে গতকাল সোমবার দুপুরে শহরে বিক্ষোভ প্রদর্শন করছে। এ ঘটনায় তদন্তের ৪ সদস্য বিশিষ্ট একটি তদন্দ দল গঠন করা হয়েছে। বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি এ ঘটনায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন করে একটি বিবৃতি দিয়েছে।

এ ঘটনাটি গত রবিবার (৮ অক্টাবর) বেলা ১১টা ১০ মিনিট ঘটলেও এদিন রাতে চুয়াডাঙ্গা ভিক্টারিয়া জুবিলি সরকারী উচ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেখ সফিয়ার রহমান সদর থানায় এ সংক্রান্ত একটি অভিযাগপত্র দিয়েছেন।

অভিযাগপত্রে প্রধান শিক্ষক বলেন, বিদ্যালয়ের ১১২ নম্বর কক্ষে এস.এস.সি. নির্বাচনী পরীক্ষার দায়িত্বপালন করছিলেন সহকারী শিক্ষক হাফিজুর রহমান। পরীক্ষা চলাকালীন এ বিদ্যালয়ের প্রভাতী শাখার দশম শ্রেণীর ব্যবসায় শিক্ষা বিভাগের পরীক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষার হল অসদুপায় আবলম্বন ও বিশৃখলা সৃষ্টি করে। এমতবস্থায় দায়িত্বরত শিক্ষকে বাঁধা প্রদান করায় ওই শিক্ষার্থী,শিক্ষকক শারীরিকভাবে লাঞ্চিত করে।

সিসিটিভি ফুটেজ দেখা যায়, পরীক্ষার্থী সাইফুল আমিন শীর্ষ পরীক্ষা দেয়ার সময় অসদুপায় অবল্বন করলে তার খাতাটি দায়িত্বরত শিক্ষক কেড় নেন। এরপর তাকে শিক্ষকের সঙ্গে কথা বলতে দেখা যায়। সে সময় শিক্ষক তাকে দু’কাঁধ চাপ দিয়ে তার আসনে বসিয়ে দিতে গেলও সে বসে না। তারপর শিক্ষার্থী শীর্ষ ওই শিক্ষকর সামনে পেছন হাত রেখে দাঁড়ায়। ওই সময় কথা বলার পরপরই সে শিক্ষকের দু’গালে ডান ও বাম হাত দিয়ে

চুয়াডাঙ্গা জেলা যুবলীগের শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত

বিএনপি-জামায়াতের হত্যা ষড়যন্ত্র অগ্নিসন্ত্রাস- নৈরাজ্যের প্রতিবাদে ও বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে ও স্মার্ট বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে শান্তি ও উন্নয়ন সমাবেশ করেছে চুয়াডাঙ্গা জেলা যুবলীগ।

সোমবার বিকাল সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের শান্তি ও উন্নয়ন সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

এ সময় চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক ও চুয়াডাঙ্গা জেলা ক্রিয়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দারের
নেতৃত্ব চুয়াডাঙ্গা জেলা যুবলীগের কার্যালয় হতে বর্ণাঢ্য র্যালি বাহির হয়। র্যালিটি চুয়াডাঙ্গা বড় বাজারে শহীদ হাসান চত্বরে পৌঁছালে শান্তি ও উন্নয়ন সমাবেশে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। তলা বিহীন ঝুঁড়ি থেকে ডিজিটাল বাংলাদেশের রুপ নিয়েছে আজকের বাংলাদেশ। দেশের গ্রাম থেকে শহর সকল পর্যায়ে আওয়ামী লীগ ও শেখ হাসিনার নেতৃত্বে আজ ব্যাপক ভাবে উন্নয়ন সাধিত হয়েছে। বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের অগ্রযাত্রায় এগিয়ে চলেছে দেশ।দেশের আর্থ-সামাজিক উন্নয়নে বর্তমান সরকার সর্বোচ্চ প্রকল্প বাস্তবায়ন করেছে।বাস্তহারা মানুষকে বসতিতে পূর্ণবাসন করেছে।দেশের যেকোনো স্তরের মানুষের স্বাভাবিক জীবনযাত্রা নিশ্চিত করেছে আওয়ামী লীগ সরকার।

জেলা ক্রীড়া সংস্থার সদস্য শেখ রাসেল, দিপু বিশ্বাস।

আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পৌর ৫নং ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলিম, সাধারণ সম্পাদক শেখ মিঠু,সহ-সভাপতি জুয়েল, পদ্মবিলা ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি বিপ্লব হোসেন, মাখালডাঙ্গা ইউনিয়ন যুবলীগ নেতা ফিরোজ,জাকির, আরও উপস্থিত ছিলেন, তানভীর রেজা টুটুল, রনি,শাওন রেজা কবীর, হাসান, সজল, লিপটন, রকি, সান, টিপু, সুমন, রাসেল, তিব্বত, ফিরোজ, তারিক, সজীব, করিম, হাসিব, রাজন, বক্কর, রমজান, সবুজ, রাকিব, গিয়াস, আমান, রুবেল, ফাহাদ, রাশিদুল, নয়ন, দিপু, রনি, জনি, মিন্টু, শফিক, বক্কর, রাসেল, শাকিব, বিপুল, পিয়াস, বাচ্চু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক গ্রন্থনা ও প্রকাশনা উপ-সম্পাদক শেখ আনোয়ার, ছাত্রলীগ নেতা ইমরান ফেরদৌস, মিলন, টিলু, শাহীন, তানজির।

দামুড়হুদায় ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের জমি পরিদর্শনে কৃষি অফিসার

দামুড়হুদা উপজেলার জয়রামপুরে ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ কৃষকের ক্ষেত পরিদর্শন করলেন কৃষি অফিসার শারমিন আক্তার। গতকাল রোববার বেলা ১২ টার দিকে তিনি সরজমিনে জয়রামপুর মাঠে গিয়ে পরিদর্শন করেন।

জানাগেছে দামুড়হুদা উপজেলার জয়রামপুরে কিরন ফুলকপি চাষে ক্ষতিগ্রস্থ হয় অসংখ্য কৃষক। এ বিষয়ে বিভিন্ন পত্রপত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। তারই ধারাবাহিকতায় উপজেলার জয়রামপুরের ভুক্তভোগী ২০ জন কৃষক ক্ষতিপূরণ চেয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা বরাবর লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপরে তদন্তের ভার দেন। তারই প্রেক্ষিতে গতকাল রোববার দুপুরে উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার ক্ষতিগ্রস্ত ফুলকপি চাষীদের ক্ষেত সরজমিনে পরিদর্শন করেন এবং কৃষকদের সঙ্গে আলাপ আলোচনা করে তাদের

খোঁজখবর নেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস সহ উপসহকারি কৃষি অফিসার ও ভুক্তভোগী কৃষকেরা।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আমরা তদন্ত করতে গিয়েছিলাম। কৃষক নি:সন্দেহে ক্ষতিগ্রস্ত হয়েছে। তবে কারণ টা আমরা আরো বিস্তারিত সবকিছু পর্যবেক্ষণ করে পরে প্রতিবেদন আকারে মতামত দিব।

দর্শনা সীমান্তে মাথাভাঙ্গা নদী থেকে যুবকের লাশ উদ্ধার, কোমরে মিললো ৬৮ টি স্বর্ণের বার

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার নাস্তিপুর সীমান্তে মাথাভাঙ্গা নদীতে প্রায় ১০ কেজি ওজনের ৬৮ টি স্বর্ণের ভারে ডুবে যায় মিরাজ মন্ডল (১৯) নামের এক যুবক। তিনি উপজেলার নাস্তিপুর গ্রামের ভাট পাড়ার ইয়াসিন মন্ডলের ছেলে।

জানাগেছে গতকাল রোববার বেলা ১২ টার দিকে নাস্তিপুর সীমান্তের মাথাভাঙ্গা নদীর ৮০/১ নং পিলারে নিকট ২ জন স্বর্ণ চোরাকারবারী মাথাভাঙ্গা নদী পার হয়ে ভারতে যাওয়ার প্রাক্কালে আনুমানিক ২৫ গজ বাংলাদেশের অভ্যন্তরে এ ঘটনা ঘটে।

এ ঘটনায় এক চোরাকারবারী পালিয়ে গিয়ে গ্রামবাসির খবর দেয়। খবর পেয়ে বিজিবি,পুলিশ,ফায়ার সার্ভিস ও স্থানীয় লোকজন এসে মৃত্য দেহটি উদ্ধার করে।

বিকাল ৪ টার দিকে স্থানীয় ও বিজিবি, পুলিশ ও ফায়ার সার্ভিস মাথাভাঙ্গা নদীতে অভিযান চালিয়ে তার মৃত লাশ উদ্ধার করে। তার শরীলে বাধা কাপড়ের ৪ টি পুটলাই ছোট-বড় ৬৮ টি স্বর্ণের বার

উদ্ধার করে বিজিবি। যার ওজন ১০ কেজি ২ শ ৬৩ গ্রাম। যার আনুমানিক বাজার মূল্য ১০ কোটি ২ লক্ষ ৬৩ হাজার টাকা। পুলিশ রাতে ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করেছে।

স্থানীয় ও বিজিবি সূত্র জানায়, গতকাল রোববার দুপুরে দামুড়হুদা সীমান্তের নাস্তিপুর গ্রামের মিরাজ মন্ডল তার শরীরে কোমরে বেঁধে মাথাভাঙ্গা নদীতে কলার ভেলা বানিয়ে পার হয়ে ভারতে প্রবেশ করতে যায়। এ সময় মাথাভাঙ্গা নদীর মাঝখানে পৌঁছালে তার কাছ থেকে নদীর স্রোতে কলার ভেলা ভেসে যায়। এতে করে তার কাছে থাকা ৬৮টি স্বর্নের বার প্রায় ১০ কেজি ২শ ৬৩ গ্রাম স্বর্ণের ভারে পানির নিচে তলিয়ে গিয়ে নিখোঁজ হয়। এ ঘটনার ৪ ঘন্টা পর তার লাশ উদ্ধার করে বিজিবি।

এ ঘটনায় চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, গতকাল রোববার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি সীমান্ত দিয়ে ভারতে স্বর্ণের একটি বড় চালাল পাচার হবে। খবর পেয়ে মিরাজ তার শরীরে কাপড়ের টুপলা করে মাজায় বেঁধে স্বর্ণের বার নিয়ে মাথাভাঙ্গা নদী পার হচ্ছে নদীর স্রোতে কলার ভেলা তার কাছ থেকে ছুটে গিয়ে পানিতে ডুবে সে নিখোঁজ হয়। খবর পেয়ে বিজিবি ঘটনাস্থলে পৌঁছে স্থানীয় পুলিশ ফায়ার সার্ভিস কে খবর দেয়। বিকাল ৪ টার দিকে তার লাশ উদ্ধার করা হয়। তার শরীরে বাধা কাপড়ের একটি টুপলা উদ্ধার করা হয়। যার মধ্য থেকে প্রায় ছোট বড় ৬৮ টি স্বর্ণের বার উদ্ধার করা হয়েছে। যার ওজন ১০ কেজি ২শ ৬৩ গ্রাম(৮৭৯.৮৮ ভরি)।

এ ঘটনায় দর্শনা থানায় মামলার প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা পুলিশের অভিযানে ১ কেজি গাঁজাসহ মহিলা গ্রেফতার

দর্শনায় থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ১ কেজি গাঁজাসহ নুরজাহান (৩৮) নামে এক মহিলা গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃত

নুরজাহান দর্শনা থানার পারকৃষ্ণপুর (মাঝপাড়া) গ্রামের মোঃ এরশাদ আলী স্ত্রী। আজ রবিবার বেলা ১১ টার দিকে তাকে গ্রেফতার করে পুলিশ।

পুলিশ জানান, জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন এর সার্বিক দিকনির্দেশনায় দর্শনা থানা পুলিশ কর্তৃক বিশেষ অভিযানে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই (নিঃ) মোঃ সুজন আলী সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ বিশেষ অভিযান পরিচালনাকালে গোপন সংবাদের ভিত্তিতে আজ রবিবার বেলা ১১ টায় দর্শনা থানাধীন কৃষ্ণপুর গ্রামস্থ কৃষ্ণপুর ডাঙ্গার মাঠের জনৈক ফারুক মল্লিকের আবাদী জমির উত্তর পার্শ্বে দর্শনা-হিজলগাড়ী গামী পাঁকা রাস্তার উপর থেকে মোছাঃ নুরজাহান (৩৮) কে ১ কেজি গাঁজাসহ গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনা সরকারি কলেজে নবীন বরণ অনুষ্ঠানে এমপি টগর

দর্শনা সরকারি কলেজ নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হাজী মোঃ আলী আজগার টগর এমপি নবীনদের উদ্দেশ্যে বলেন, আমি এই কলেজের ছাত্র ছিলাম। ভালো ছাত্র হওয়ার আগে, ভালো মানুষ হতে হবে। তোমরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হওয়ার দীক্ষা দর্শনা সরকারি কলেজ থেকেই নেবে। ভালো মানুষ হতে হলে পড়াশুনা করতে হবে। তোমরাই ভবিষ্যতের বাংলাদেশ। তাই তোমাদের সুপথে চলতে হবে আলোকিত মানুষ হতে হবে। শিক্ষার্থীদের বিভিন্ন দাবীর প্রেক্ষিতে প্রধান অতিথি বলেন, কলেজে অচিরেই একটি আধুনিক মানের ছাত্র ছাত্রী জন্য হোস্টেল নির্মাণ করা হবে এবং মাষ্টার যাতে এই কলেজে থেকে পরীক্ষা দিতে পারে তা চালু করার জন্য যা যা করার আমি আপনাদের সহযোগিতা করবো। শিক্ষার্থীদের উন্নয়নে যা যা প্রয়োজন পর্যায়ক্রমে তা অবশ্যই করা হবে।

দর্শনা সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে নবাগত শিক্ষার্থীদের বরণ করতে কলেজ প্রাঙ্গনে উৎসবমুখর পরিবেশে দর্শনা কলেজে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলেজের অধ্যক্ষ প্রফেসার রেজাউল করিম। অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের মাননীয় সাংসদ হাজী মোঃ আলী আজগার টগর এমপি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামী লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধার রুস্তম আলী, দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, জীবননগর উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল সালাম ইশা,দর্শনা কলেজ ছাত্র লীগের সভাপতি পারভেজ, সাধারণ সম্পাদক মোফাজ্জেল হোসেন তপু, সাংগঠনিক সম্পাদক আলী আবরার অপুপ্রমুখ। কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মচারীসহ এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

রাষ্ট্র বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জামসেদ আলীর সঞ্চালনায় অনুষ্টানের শুরুতে পবিত্র কুরআন তেলাওয়াত ও পবিত্র গীতা পাঠ করেন কলেজের ছাত্র ছাত্রী। এরপর প্রধান অতিথি ও বিশেষ অতিথিদের ফুল দিয়ে বরণ করা হয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

আলোচনা সভা শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে মধ্যে দিয়ে মনোমুগ্ধকর গানের মাধ্যমে শেষ হয় অনুষ্টানটি।

আলমডাঙ্গায় মোটরসাইকেল চোর

চক্রের ৪ সদস্য গ্রেপ্তার

আলমডাঙ্গায় মোটরসাইকেল চোর চক্রের চার সদস্যকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল শনিবার সন্ধ্যা থেকে আজ রবিবার ভোর পর্যন্ত জেলার জীবননগর উপজেলায় এ অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে চারটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

গ্রেপ্তার চারজন হলেন- হৃদয় হোসেন (১৯), রুবেল হোসেন (২৪), তাকবীর হোসেন (২৮), সানী হোসেন (৩৫)।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, বেশ কিছুদিন ধরেই আমাদের কাছে চোরাই মোটরসাইকেল কেনাবেচার অভিযোগ আসছিল। এসব অভিযোগে তদন্তে নেমে, শনিবার সন্ধ্যায় আমরা প্রথমে উপজেলার মুন্সিগঞ্জের হাসপাতাল মোড়ে হৃদয় নামের এক যুবককে গ্রেপ্তার করি। তার নিকট থেকে একটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়। পরে তার দেওয়া তথ্যে, জীবননগর উপজেলা থেকে আরও তিনজনকে গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে আরো তিনটি চোরাই মোটরসাইকেল উদ্ধার করা হয়েছে।

ওসি আরও জানান, গ্রেপ্তার আসামিরা সংঘবদ্ধ মোটরসাইকেল চোরচক্রের সদস্য। তাদের কাছ থেকে জিজ্ঞাসাবাদে পাওয়া তথ্য অনুযায়ী অভিযান চলমান রয়েছে। আটকৃত চার আসামীর বিরুদ্ধে আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক (এসআই) ইউসুব আলী বাদি হয়ে একটি চুরির মামলা করা হয়েছে। গ্রেপ্তার আসামীদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় ভেজাল গো খাদ্য বিক্রয়ে দোকান মালিককে

জরিমানা

আলমডাঙ্গার হাউসপুর ভেজা পশু খাদ্য বিক্রয়ের অভিযোগে এক দোকান মালিককে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বিকেলে উপজেলার ডাউকি ইউনিয়নের হাউসপুর ব্রিজ সংলগ্নে উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রেজওয়ানা নাহিদ এ আদালত পরিচালনা করেন।

আদালত সূত্রে জানাগেছে, উপজেলা হাউসপুর ব্রিজ সংলগ্নে মুন্সী টেডার্স নামক একটি দোকানে ভেজাল গো খাদ্য বিক্রয়ের অভিযোগ ওঠে। এমন অভিযোগের ভিত্তিতে রবিবার বিকেলে উপজেলা সহকারী কমিশনার ভূমি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। ওই দোকান মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেন। এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনার সময় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণীসম্পদ অফিসের ডাঃ মুস্তাকিম মুকুট ও থানা পুলিশের একটি টিম।

চুয়াডাঙ্গায় পুলিশ সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন

বাংলাদেশ পুলিশের সকল সদস্যের পদমর্যাদাভিত্তিক প্রশিক্ষণের আওতাভুক্ত চুয়াডাঙ্গা জেলায় নায়েক ও কনস্টেবলদের দক্ষতা উন্নয়ন কোর্স এর ১৪তম ব্যাচের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম।

বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল চৌধুরী আবদুল্লাহ আল-মামুন, বিপিএম (বার), পিপিএম সার্বিক নির্দেশনায় বাংলাদেশ পুলিশের সকল পদমর্যাদার সদস্যদের নিয়ে গতকাল শনিবার সকাল সাড়ে নয়টার সময় ১৪তম ব্যাচের সপ্তাহ ব্যাপি পদমর্যাদাভিত্তিক

প্রশিক্ষণ শুরু হয়েছে। অতিরিক্ত পুলিশ সুপার প্রশিক্ষনার্থীদের উদ্দেশ্য পোষাকের মর্যাদা, সৌজন্যতা ও মার্জিত আচরণ, সহকর্মী ও সেবা প্রত্যাশীদের সাথে পেশাগত আচরণ ও করণীয়-বর্জনীয় সম্পর্কে আলোকপাত করেন।

উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, আরআই পুলিশ লাইন্স চুয়াডাঙ্গা মোঃ আমিনুল ইসলাম, কুষ্টিয়া ইনসার্ভিস ট্রেনিং সেন্টারের প্রতিনিধিসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার প্রশিক্ষণার্থী পুলিশ সদস্যবৃন্দ।

দর্শনা পুলিশের অভিযানে ইয়াবা ও ট্যাবলেটসহ গ্রেফতার ১

দর্শনা থানা পুলিশ ৬০ পিস ইয়াবা ট্যাবলেটসহ ১জনকে গ্রেফতার করেছে।

আজ শনিবার দুপুর ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এসআই(নিঃ) মোঃ ফজলুর রহমান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ দর্শনা পৌর এলাকার পাঠানপাড়ার রেল কলোনীর সামনে এক অভিযান চালায়।

এসময় দামুড়হুদার জয়রামপুর কলোনী পাড়ার আঃ কুদ্দুসের ছেলে রিপন হোসেন(২২)কে আটক করে।পরে তার দেহ তল্লাসী করে ৬০ পিস ইয়াবাট্যাবলেট উদ্ধার করে।গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা হয়েছে।